**Website: www.bb.org.bd**

**পরিসংখ্যান বিভাগ**
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা ।

এসডি সার্কুলার নং-০১/২০১৫

তারিখঃ এপ্রিল ১৩, ২০১৫ / চৈত্র ৩০, ১৪২১

ব্যবস্থাপনা পরিচালক / প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,


বিষয়ঃ E-banking ও E-commerce সংক্রান্ত বিবরণী ত্রৈমাসিকের পরিবর্তে মাসিক ভিত্তিতে দাখিল প্রসংগে

শিরোনামোক্ত বিষয়ে এসটি,ডি সার্কুলার নং-০৪ তারিখ মে ১৫, ২০১৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে।

বর্ণিত সার্কুলারের আওতায় জুন'২০১৪ হতে E-banking ও E-commerce বিবরণী RIT-এর মাধ্যমে ত্রৈমাসিক ভিত্তিতে নিয়মিতভাবে সমাপ্ত ত্রৈমাসিকের পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে (বাংলাদেশ ব্যাংকের ওয়েব পোর্টাল-এর মাধ্যমে) পরিসংখ্যান বিভাগে প্রেরণ করা হচ্ছে। আপনাদের প্রেরিত তথ্য অত্র বিভাগ কর্তৃক প্রকাশিত মাসিক "Monthly Economic Trends"পুস্তিকায় নিয়মিতভাবে প্রকাশিত হচ্ছে। উক্ত তথ্য/উপাত্ত নতুন ও অত্যন্ত গুরুত্বপূর্ণ বিধায় অর্থনৈতিক সূচকসমূহের গতিধারা পর্যালোচনার জন্য উপাত্ত ব্যবহারকারী ও গবেষকদের নিকট ব্যাপক চাহিদা রয়েছে। এপ্রেক্ষিতে প্রকাশনাটি আরও সমৃদ্ধ করার লক্ষ্যে এই মর্মে গৃহীত নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ পরিপালনের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

১) ত্রৈমাসিকের পরিবর্তে মাসিক ভিত্তিতে পূর্বের নির্ধারিত RIT-এর মাধ্যমে পরিসংখ্যান বিভাগে নিয়মিতভাবে দাখিল করতে হবে।
২) মাসিক বিবরণী ১৫ তারিখের পরিবর্তে নিয়মিতভাবে তার পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে দাখিল করতে হবে।
৩) উক্ত বিবরণী সংশ্লিষ্ট RIT (T_ME_M_EBANKING_ECOMMERCE) বাংলাদেশ ব্যাংকের Website হতে Download করা যাবে অথবা পরিসংখ্যান বিভাগের এসএসপি উপ-বিভাগ থেকে সরাসরি সংগ্রহ করা যাবে।
৪) উক্ত বিবরণী RIT-এর মাধ্যমে এপ্রিল'২০১৫ হতে বাংলাদেশ ব্যাংকের ওয়েব পোর্টাল-এর মাধ্যমে পরিসংখ্যান বিভাগে প্রেরণ করতে হবে।

আপনাদের বিশ্বস্ত,



(বীরেন্দ্র চন্দ্র দাশ)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৩৪৪